117

তারিখ 10 JAN 1996
পৃষ্ঠা ৬ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# ৭৪১ জন এসএসসি পরীক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

ঝিনাইদহ সংবাদদাতা ঃ যশোর বোর্ডের অধীন ১৯৯৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় ৭ শত ৪১ জন ছাত্র-ছাত্রীকে শাস্তি প্রদান করা হইয়াছে।

যশোর বোর্ড সূত্রে জানা যায়, যে সকল পরীক্ষার্থীর বিরুদ্ধে অসদুপায় অবলম্বনের অভিযোগ করা হইয়াছে তাহাদের উত্তরপত্রসমূহ, পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ ও প্রধান পরীক্ষকগণের নিকট হইতে প্রাপ্ত রিপোর্টসমূহ, অন্যান্য কাগজপত্র এবং তাহাদেরকে প্রদত্ত কারণ দর্শাইবার নোটিসের জবাব বোর্ডের শৃংখলা কমিটির গত ৬ই ডিসেম্বরের সভায় পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা-নিরীক্ষা এবং বিচার-বিশ্লেষণ শেষে যাহারা দোষী প্রমাণিত হইয়াছে তাহাদেরকে শাস্তি প্রদানের সুপারিশ করা হয়। উক্ত সুপারিশ বোর্ড কমিটির অনুমোদন সাপেক্ষে কার্যকর করা হয়।

শাস্তিপ্রাপ্ত পরীক্ষার্থীদের মধ্যে ৩ শত ২১ জনের শুধু '৯৫ সালের পরীক্ষা বাতিল করা হইয়াছে। তাহারা বোর্ডের নিয়মানুযায়ী পরীক্ষার অন্যান্য শর্ত পূরণ করিয়া স্ব-স্ব স্কুল হইতে ক্যাজুয়াল পরীক্ষার্থী হিসাবে প্রয়োজনীয় ফি দাখিল ও ফরম পূরণের মাধ্যমে '৯৬ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

৩ শত ৪৬ জন পরীক্ষার্থীর ১৯৯৫ সালের পরীক্ষা বাতিলসহ '৯৬ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে।

৭৪ জন পরীক্ষার্থীর ১৯৯৫ সালের পরীক্ষা বাতিলসহ '৯৬ ও ৯৭ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে।

বোর্ড কর্তৃপক্ষ গত ১০ই ডিসেম্বর এক বিজ্ঞপ্তি মারফত সকলের অবগতির জন্য শাস্তিপ্রাপ্ত পরীক্ষার্থীদের রোল নম্বর জানাইয়া দিয়াছে। উহার কপি বোর্ডের অধীন সকল অনুমোদিত হাইস্কুলকেও দিয়াছে।